অনাবাসী ভারতীয়/ভারতীয় বংশোদ্ভূতদের আন্তর্জাতিক ক্রেডিট কার্ড সরবরাহ এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞাপ্ত নং ৫৯ (ডিসেম্বর ৯, ২০০২)

ভারতীয় রিজার্ভ ব্যাংক বিদেশি মুদ্রা বিনিময় বিভাগ কেন্দ্রীয় কাথার্লয় মুম্বাই ৪০০ ০০১

এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ৫৯

ডিসেম্বর ৯,২০০২

প্রতি, বিদেশি মুদ্রা লেনদেনকারী সকল অনুমোদিত ব্যবসায়ীগণ

মহাশয়া / মহাশয়

<u>অনাবাসী ভারতীয় / ভারতীয় বংশোদ্ভূতদের আন্তর্জাতিক</u> ক্রেডিট কার্<u>ড</u> সরবরাহ

এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ৫৩ তারিখ জুন ২৭, ২০০২অনুসারে আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহারের ক্ষেত্রে সমস্ত অনুমোদিত ব্যবসায়ীদের এ-পি (ডি-আই-আর সিরিজ) মনোযোগ আকর্ষন করা হচ্ছে এবং উত্তরকালীন স্পষ্টকরন এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ৪০ তারিখ নঙ্কের ৫, ২০০২অনুযায়ী।

- ২। ইতিমধ্যে ঘোষিত নির্দেশিকা অনুযায়ী আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহারের ক্ষেত্রে অনাবাসী ভারতীয় / ভারতীয় বংশোদ্ভূতরা পাওনা মিটিয়ে দেবেন কেবলমাত্র অভ্যন্তরীণ অর্থ প্রেরণের দ্বারা অথবা নন-রেসিডেন্ট (এক্সটার্নাল) রুপী অ্যাকাউন্ট (এন-আর-ই) / ফরেন কারেন্সী (নন-রেসিডেন্ট) অ্যাকাউন্ট (ব্যাংক) (এফ-সি-এন-আর)-এ তাদের প্রয়োজনীয় উদ্ধৃত্ত অর্থ থাকলে তার মাধ্যমে। পুনর্মূল্যায়নের পর এই সিদ্ধান্ত হয়েছে ক্রেডিট কার্ডের পাওনা কার্ড ব্যবহারকারীর নন-রেসিডেন্ট (অর্ডনারী) রুপী অ্যাকাউন্ট (এন-আর-ও) থেকেও মেটানো যাবে। তদানুযায়ী, যদি ভারতীয় কোন ব্যাংক কর্তৃক সেই ক্রেডিট কার্ড দেওয়া হয়ে থাকে অনুমোদিত ব্যবসায়ীগর নন-রেসিডেন্ট (অর্ডনারী) রুপী অ্যাকাউন্ট থেকে খরচ কেটে নিতে পারে যদি তা অনাবাসী ভারতীয় / ভারতীয় বংশোদ্ভূত সংস্থাদের কার্ড লিমিট ছাড়িযে না যায়। ডেবিট এই শর্তে হবে যে নাগরিকদের অবশ্যই আন্তর্জাতিক ক্রেডিট কার্ডেব নিয়মাবলী মেনে চলতে হবে।
- অনুমোদিত ব্যবসায়ীগণ তাদের সংশ্লিষ্ট সংস্থাদের এই বিজ্ঞপ্তির বিষয়ে অবহিত করবেন।
- ৪। ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (ডিপোজিট) অ্যাক্ট ২০০০ পূথকভাবে বিজ্ঞাপিত করা হচ্ছে।
- ৫। এই বিজ্ঞপ্তির অন্তর্গত নির্দেশাবলী উদ্ভূত হয়েছে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯ (১৯৯৯ এর ৪২ নং) এর ধারা ১০(৪) এবং ধারা ১১(১)অনুযায়ী ।

ইতি ভবদীয়

গ্রেস কোশি চীফ জেনারেল ম্যানেজার